গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক ও জনপথ অধিদপ্তর

নির্বাহী প্রকৌশলী, সড়ক বিভাগ, টাঙ্গাইল

এবং

তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সড়ক সার্কেল, জামালপুর

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৬ - জুন ৩০, ২০১৭

সূচিপত্র

সড়ক বিভাগ, টাঙ্গাইলের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

উপক্রমণিকা

সেকশন ১: রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

সেকশন ২: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা

সড়ক বিভাগ, টাঙ্গাইলের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of the Road Division, Tangail)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

সড়ক ও জনপথ অধিদপ্তর মানসম্পন্ন, নিরাপদ ও টেকসই মহাসড়ক এবং সংশ্লিষ্ট অবকাঠামো বিনির্মাণ ও রক্ষণাবেক্ষণের লক্ষ্যে নিরবচ্ছিন্নভাবে কাজ করে যাচ্ছে। সড়ক বিভাগ, টাঙ্গাইলের অধীনে ১৩২.৪১ কিমি জাতীয় মহাসড়ক, ৫৮.৪৪ কিমি আঞ্চলিক মহাসড়ক, জেলা সড়ক ২৭৪.৯১ কিমি এবং ১৪৫ টি সেতু ও ১৩১ টি কাল্ভার্ট রয়েছে। দেশের প্রায় ৩০ টি জেলার যানবাহন টাঙ্গাইলের উপর দিয়ে ঢাকায় যাতায়াত করে। জাতীয় মহাসড়কসহ অন্যান্য সড়ক নির্মান ও রক্ষণাবেক্ষনের লক্ষ্যে টাঙ্গাইল সড়ক বিভাগ নিরলস ও নিরন্তরভাবে কাজ করে যাচ্ছে। সাম্প্রতিক সময়ে টাঙ্গাইল সড়ক বিভাগের অধীন এলাসিন সেতু, নাগাসিন সেতু, রতঙ্গাঞ্জ সেতু প্রভৃতি সেতুর নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। এছাড়াও, গড়াই – সখিপুর সড়ক প্রকল্পের অধীনে ২৭ কিমি সড়ক উন্নয়নের মধ্যে ইতোমধ্যে ১৫ কিমি সড়কের কাজ সমাপ্ত হয়েছে এবং অবশিষ্ট কাজ চলমান রয়েছে। বাউশি-গোপালপুর-ভুয়াপুর সড়কটি (৫৬ কিমি) আঞ্চলিক মহাসড়কে উন্নীত করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

ভূমি অধিগ্রহণের কর্মসম্পাদনে স্থানীয় পর্যায়ে মামলা মোকাদ্দমার কারণে কখনও কখনও প্রকল্পের কাজ সমাপনে বিলম্ব ঘটে। তাছাড়া ক্ষেত্রবিশেষে দেশীয় নির্মাতা প্রতিষ্ঠানের দক্ষতা, দায়িত্বশীলতা ও আন্তরিকতার ঘাটতি প্রকল্প কাজের গুণগতমান এবং স্থায়িত্বের প্রত্যাশিত মান বজায় রাখার ক্ষেত্রে প্রতিবন্ধক হিসেবে কাজ করে । পারিপার্শ্বিক কারনে ওভারলোড নিয়ন্ত্রণ করা অত্যন্ত কঠিন হয়ে পড়ে। এছাড়াও সড়ক ও জনপথ অধিদপ্তরের বিভিন্নস্তরের প্রকৌশলীসহ অন্যান্য কর্মকর্তা ও কর্মচারী তথা জনবলের স্বল্পতার জন্য অধিদপ্তরের কর্মকান্ডের কাংখিত ফলাফল পাওয়া যাচ্ছে না ।

ভবিষ্যৎ পরিকল্পনা:

এলেঙ্গা-জামালপুর জাতীয় মহাসড়কটি (এন-৪) যথাযথ মানে উন্নীতকরণের লক্ষ্যে সড়ক প্রশস্তকরণের উন্নয়ন প্রস্তাব মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন রয়েছে। প্রকল্পটির অধীনে ৭৭.৬ কিমি সড়ক পেভমেন্ট ৫.৫মি. হতে ৭.৩ মি. এ প্রশস্তকরণ এবং বাজার অংশসমূহে রিজিড পেভমেন্ট নির্মানের প্রস্তাব করা হয়েছে। এলেঙ্গা-ভুয়াপুর সড়কটি প্রকল্পের অধীনে যথাযথ মানে উন্নীত করণের লক্ষ্যে হার্ডশোল্ডার নির্মাণ এবং ১০ টি (মুক্তিযুদ্ধের সময়ে) বিধ্বস্ত সেতু পুনঃনির্মাণ এর প্রস্তাব পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়াও, টাঙ্গাইল-দেলদুয়ার সড়ক, পাকুল্লা-দেলদুয়ার সড়ক ও ভাতকুড়া-করাটিয়া-বাসাইল-সখিপুর জেলা সড়ক ৩ টি যথাযথ মানে উন্নীতকরণের জন্য প্রকল্প গ্রহণের প্রক্রিয়া চলমান রয়েছে। এসমস্ত প্রকল্প বাস্তবায়িত হলে জনসাধারণের চলাচল এবং পন্য পরিবহন আরও নির্বিঘ্ন করা যাবে।

২০১৬-১৭ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ০.৭৩ হেক্টর ভূমি অধিগ্রহণ সম্পন্নকরণ;
- ৫.১৮ কিলোমিটার মহাসড়ক সার্ফেসিংসহ নির্মাণ;
- ৫০ কিমি মহাসড়ক রক্ষণাবেক্ষনের নিমিত্তে সার্ফেসিংকরণ;
- ৩৯৫.৮৩ মি. সেতু নির্মাণ।

উপক্রমণিকা (Preamble)

নির্বাহী প্রকৌশলী, সড়ক বিভাগ, টাঙ্গাইল

এবং

তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সড়ক সার্কেল, জামালপুর এর মধ্যে ২০১৬ সালের জুলাই মাসের ২৭ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১:

সড়ক ও জনপথ অধিদপ্তরের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision),:

আধুনিক, প্রযুক্তিনির্ভর এবং টেকসই মহাসড়ক নেটওয়ার্ক প্রতিষ্ঠা।

১.২ অভিলক্ষ্য (Mission),:

মহাসড়ক মেরামত, সংস্কার ও রক্ষণাবেক্ষণ এবং উন্নয়ন ও সম্প্রসারণের মাধ্যমে জনগণের আর্থ-সামাজিক অবস্থা উন্নয়নের লক্ষ্যে একটি নিরাপদ, ব্যয়সাশ্রয়ী, মানসম্মত, এবং পরিবেশবান্ধব সড়ক নেটওয়ার্ক গড়ে তোলা।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১.৩.১ সড়ক ও জনপথ অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১. মহাসড়ক নেটওয়ার্কের উন্নয়ন, সম্প্রসারণ ও রক্ষণাবেক্ষণ;
২. গুরুত্বপূর্ণ মহাসড়ক আন্তর্জাতিক মানে উন্নীতকরণ;
৩. সড়ক নিরাপত্তা নিশ্চিতকরণ/ বৃদ্ধিকরণ

১.৩.১ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
২. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৩. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন
৪. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন
৫. কর্ম পরিবেশ উন্নয়ন
৬. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

১.৪ কার্যাবলি (Functions):

১. মহাসড়ক নেটওয়ার্কের মেরামত, সংস্কার ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম;
২. জাতীয়, আঞ্চলিক ও জেলা সড়কসমূহের উন্নয়ন ও সম্প্রসারণ কার্যক্রম;
৩. অর্থনৈতিক দৃষ্টিকোণ থেকে গুরুত্বপূর্ণ মহাসড়ক নির্মাণ প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন কার্যক্রম;
৪. নিরাপদ সড়ক নিশ্চিত করা;
৫. গুরুত্বপূর্ণ মহাসড়ক আন্তর্জাতিক মানে উন্নীতকরণ কার্যক্রম;

সেকশন ২
কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-১৭ (Target /Criteria Value for FY 2016-17)					প্রক্ষেপণ (Projection) ২০১৭-১৮	প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯
						২০১৪-১৫	২০১৫-১৬	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
সড়ক বিভাগ, টাঙ্গাইল এর কৌশলগত উদ্দেশ্যসমূহ														
১. মহাসড়ক নেটওয়ার্কের উন্নয়ন, সম্প্রসারণ ও রক্ষণাবেক্ষণ;	৮৫	১.১ ভূমি অধিগ্রহণ	১.১.১ অধিগ্রহণকৃত ভুমি	হেক্টর	১০	-	৪.১৪	০.৭৩	০.৬৫	০.৬০	০.৫৫	০.৫০	-	-
		১.২ মহাসড়ক মজবুতিকরণ	১.২.১ মজবুতিকরণ কৃত মহাসড়ক	কিলো মিটার	-	-	-	-	-	-	-	-	-	-
		১.৩ মহাসড়ক প্রশস্তকরণ	১.৩.১ সার্ফেসিংসহ	কিলো মিটার	২০	-	৩.৯০	৫.১৮	৫.০০	৪.৭৫	৪.৫	৪.২৫	-	-

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-১৭ (Target /Criteria Value for FY 2016 -17)					প্রক্ষেপণ (Projection) ২০১৭-১৮	প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯
						২০১৪-১৫	২০১৫-১৬	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
		১.৪ মহাসড়ক পুনঃনির্মাণ	১.৪.১ পুন:নির্মিত মহাসড়ক	কিলোমিটার	-	-	-	-	-	-	-	-	-	-
		১.৫ সারফেসিংয়ের মাধ্যমে মহাসড়ক রক্ষণাবেক্ষণ	১.৫.১ সার্ফেসিংকৃত মহাসড়ক	কিলোমিটার	২৫	-	৩১.৮১	৬৪.১০	৬০	৫৭	৫৫	৫৪	৪০	৬০
		১.৬ সেতু ও কালভার্ট নির্মাণ/পুনঃনির্মাণ	১.৬.১ নির্মিত সেতু (৪টি)	মিটার	৩০	-	-	৩৯৫.৮৩	-	-	-	-	-	-
			১.৬.২ পুন:নির্মিত কালভার্ট (১৬টি)	মিটার	-	-	১১২	-	-	-	-	-	-	-

আমি, নির্বাহী প্রকৌশলী, সড়ক বিভাগ, টাঙ্গাইল হিসেবে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সড়ক সার্কেল, জামালপুর এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সড়ক সার্কেল, জামালপুর হিসেবে নির্বাহী প্রকৌশলী, সড়ক বিভাগ, টাঙ্গাইল এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

Alam

নির্বাহী প্রকৌশলী
সড়ক বিভাগ, টাঙ্গাইল

27.07.16

তারিখ

তত্ত্বাবধায়ক প্রকৌশলী
সড়ক সার্কেল, জামালপুর

29/9/2023

তারিখ

মাঠ পর্যায়ের কার্যালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ
(মোট মান-১৫)

কলাম-১	কলাম-২	কলাম-৩	কলাম-৪		কলাম-৫	কলাম-৬				
কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI)	লক্ষ্যমাত্রার মান -২০১৬-১৭ (Target Value -2016-17)				
						অসাধারণ (Excellent)	অতি উত্তম (Very Good)	উত্তম (Good)	চলতি মান (Fair)	চলতিমানের নিম্নে (Poor)
						১০০%	৯০%	৮০%	৭০%	৬০%
দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন	৩	২০১৬-১৭ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল	নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত	তারিখ	১	২২ মে	২৪ মে	২৫ মে	২৬ মে	২৯ মে
		২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ	ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	১	৪	৩	২	-	-
		২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল	নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	তারিখ	১	১৫ জানুয়ারি	১৬ জানুয়ারি	১৭ জানুয়ারি	১৮ জানুয়ারি	১৯ জানুয়ারি
দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন	৩	সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন	প্রশিক্ষণের সময়*	জনঘণ্টা	১	৬০	৫৫	৫০	৪৫	৪০
		জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন	২০১৬-১৭ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত	তারিখ	১	১৫ জুলাই	৩১ জুলাই	-	-	-
			নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	১	৪	৩	২	-	-
তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন	১	তথ্য বাতায়ন হালনাগাদকরণ	তথ্য বাতায়ন হালনাগাদকৃত	%	১	প্রতি মাসের ১ম সপ্তাহ	প্রতি মাসের ২য় সপ্তাহ	প্রতি মাসের ৩য় সপ্তাহ	-	-
কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন	৪	পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ	পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারিকৃত	%	১	১০০	৯০	৮০	-	
		সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন	কমপক্ষে একটি অনলাইন সেবা চালুকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	২৮ ফেব্রুয়ারি	-	-
			কমপক্ষে ১ টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	২৮ ফেব্রুয়ারি	-	-
		অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন	নিষ্পত্তিকৃত অভিযোগ	%	১	৯০	৮০	৭০	৬০	

* ৬০ ঘণ্টা প্রশিক্ষণের মধ্যে অন্যূন ২০ঘন্টা সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ অন্তর্ভুক্ত থাকবে।

কলাম-১	কলাম-২	কলাম-৩	কলাম-৪		কলাম-৫	কলাম-৬				
কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI)	লক্ষ্যমাত্রার মান -২০১৬-১৭ (Target Value -2016-17)				
						অসাধারণ (Excellent)	অতি উত্তম (Very Good)	উত্তম (Good)	চলতি মান (Fair)	চলতিমানের নিম্নে (Poor)
						১০০%	৯০%	৮০%	৭০%	৬০%
কর্ম পরিবেশ উন্নয়ন	৩	অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন রাখা	নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	২৮ ফেব্রুয়ারি	-	-
		সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা	নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	২৮ ফেব্রুয়ারি	-	-
		সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা	সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	২৮ ফেব্রুয়ারি	-	-
আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন	১	অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন	বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত	%	১	৫০	৪৫	৪০	৩৫	৩০

শব্দসংক্ষেপ (Acronyms)

সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বিবরণ	বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা	পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র	সাধারণ মন্তব্য
১.১ *ভূমি অধিগ্রহণ*	১.১.১ অধিগ্রহণকৃত ভুমি	বিভিন্ন মহাসড়ক নির্মান ও সম্প্রসারনের লক্ষ্যে প্রয়োজন অনুযায়ী ভুমি অধিগ্রহণ করা হচ্ছে।	সড়ক ও জনপথ অধিদপ্তর	*সরেজমিন পরিদর্শন এবং* সড়ক ও জনপথ অধিদপ্তরের মাঠপর্যায়ের মাসিক অগ্রগতি প্রতিবেদন	
১.২ মহাসড়ক মজবুতিকরণ	১.২.১ মজবুতিকরণকৃত মহাসড়ক	সড়ক পেভমেন্ট এর উপরিভাগের এক বা একাধিক ক্ষতিগ্রস্থ ও দুর্বল স্তরকে (সার্ফেসিং ব্যতীত) নতুন করে নির্মাণ করা।	সড়ক ও জনপথ অধিদপ্তর	সরেজমিন পরিদর্শন এবং সড়ক ও জনপথ অধিদপ্তরের মাঠপর্যায়ের মাসিক অগ্রগতি প্রতিবেদন	
১.৩ মহাসড়ক প্রশস্তকরণ	১.৩.১ প্রশস্তকরণকৃত মহাসড়ক	বিদ্যমান পেভমেন্ট এর একদিকে বা উভয়দিকে নতুন ডিজাইন অনুযায়ী পেভমেন্ট নির্মাণ।	সড়ক ও জনপথ অধিদপ্তর	সরেজমিন পরিদর্শন এবং সড়ক ও জনপথ অধিদপ্তরের মাঠপর্যায়ের মাসিক অগ্রগতি প্রতিবেদন	
১.৪ মহাসড়ক পুনঃনির্মাণ	১.৪.১ পুন:নির্মিত মহাসড়ক	বিদ্যামান পেভমেন্ট সম্পূর্ণরূপে অপসারণ করে নতুন ডিজাইন (অধিক পুরূত্ব) অনুযায়ী পুনঃনির্মাণ।	সড়ক ও জনপথ অধিদপ্তর	সরেজমিন পরিদর্শন এবং সড়ক ও জনপথ অধিদপ্তরের মাঠপর্যায়ের মাসিক অগ্রগতি প্রতিবেদন	
১.৫ সারফেসিংয়ের মাধ্যমে মহাসড়ক রক্ষণাবেক্ষণ	১.৫.১ সার্ফেসিংকৃত মহাসড়ক	পেভমেন্ট এর বিটুমিনাস অংশ সংস্কার ও পুনঃনির্মাণ করা।	সড়ক ও জনপথ অধিদপ্তর	সরেজমিন পরিদর্শন এবং সড়ক ও জনপথ অধিদপ্তরের মাঠপর্যায়ের মাসিক অগ্রগতি প্রতিবেদন	
১.৬ সেতু ও কালভার্ট নির্মাণ/পুনঃনির্মাণ	১.৬.১ নির্মিত সেতু ও কালভার্ট	মহাসড়কে প্রয়োজন অনুযায়ী নতুন করে সেতু ও কালভার্ট নির্মাণ	সড়ক ও জনপথ অধিদপ্তর	সরেজমিন পরিদর্শন এবং সড়ক ও জনপথ অধিদপ্তরের মাঠপর্যায়ের মাসিক অগ্রগতি প্রতিবেদন	
	১.৬.২ পুন:নির্মিত সেতু ও কালভার্ট	ক্ষতিগ্রস্থ বিদ্যমান সেতু ও কালভার্ট অপসারণ করে পুনঃনির্মাণ	সড়ক ও জনপথ অধিদপ্তর	সরেজমিন পরিদর্শন এবং সড়ক ও জনপথ অধিদপ্তরের মাঠপর্যায়ের মাসিক অগ্রগতি প্রতিবেদন	

সংযোজনী ৩: অন্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

প্রতিষ্ঠানের ধরণ	প্রতিষ্ঠানের নাম	সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক	উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের চাহিদা	চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা	উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদার মাত্রা উল্লেখ করুন	প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব
ভূমি মন্ত্রণালয় ও জেলা প্রশাসন	ভূমি মন্ত্রণালয় ও জেলা প্রশাসন	১.১.১ অধিগ্রহণকৃত ভুমি	ভুমি অধিগ্রহণ সংক্রান্ত কাজের প্রশাসনিক অনুমোদন ও প্রাক্কলন প্রণয়নসহ সংশ্লিষ্ট কার্য সম্পাদন।	সরকারি উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় ক্ষেত্রে জেলা প্রশাসন ভুমি মন্ত্রণালয়ের সহযোগিতায় ভুমি অধিগ্রহণ করবেন।	ভূমি মন্ত্রণালয় ও জেলা প্রশাসন ভুমি অধিগ্রহণের জন্য দায়িত্বপ্রাপ্ত।	কর্মসম্পাদন সূচক বাস্তবায়ন বিঘ্নিত হতে পারে